**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**সেবা শাখা**
**www.shed.gov.bd**

# জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন নীতিমালা

**(সংশোধিত ২০২৩)**

দেশের প্রতিটি মাধ্যমিক স্কুল, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসার শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শ্রেণি-শিক্ষক, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধানগণের স্ব স্ব ক্ষেত্রে অবদানের স্বীকৃতি প্রদানের উদ্দেশ্যে সরকার প্রতিবছর জাতীয় শিক্ষা সপ্তাহ কর্মসূচি গ্রহণ করে আসছে। উক্ত কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:

২.০ এ নীতিমালা **"জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন নীতিমালা (সংশোধিত ২০২৩)"** নামে অভিহিত হবে।

৩.০ **অধিক্ষেত্র:** শিক্ষা মন্ত্রণালয়ের অধিক্ষেত্রভুক্ত মাধ্যমিক স্কুল, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসায় জাতীয় সহপাঠ্যক্রম ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। অনুচ্ছেদ ৪.০ এ বর্ণিত ইভেন্টে প্রতিটি ক্ষেত্রে যোগ্য, মেধাবী ও শিক্ষা ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখেছে এমন প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান ও শ্রেণি শিক্ষক এবং শিক্ষার্থীগণ-কে নিরপেক্ষ দৃষ্টিকোণ থেকে নির্বাচনের মাধ্যমে পুরস্কার প্রদান করা হবে।

৪.০ ইভেন্টসমূহ:

৪.১.১ কেরাত
৪.১.২ হামদ্/নাত
৪.১.৩ বাংলা রচনা প্রতিযোগিতা (বিষয়: অনির্ধারিত (বিচারক তাৎক্ষণিক নির্ধারণ করবেন) সময়-৩০ মিনিট)
৪.১.৪.১ ইংরেজি রচনা প্রতিযোগিতা (৬ষ্ঠ থেকে ৮ম এবং ৯ম থেকে ১০ম শ্রেণি) (বিষয়: অনির্ধারিত (বিচারক তাৎক্ষণিক নির্ধারণ করবেন) সময়-৩০ মিনিট)
৪.১.৪.২ ইংরেজি বক্তব্য প্রতিযোগিতা(১১শ থেকে ১২শ এবং ১৩শ থেকে ১৭শ শ্রেণি)
৪.১.৫ বাংলা কবিতা আবৃত্তি (স্বরচিত/নির্বাচিত)
৪.১.৬ বিতর্ক প্রতিযোগিতা (একক)
৪.১.৭ দেশাত্মবোধক গান
৪.১.৮ রবীন্দ্রসংগীত
৪.১.৯ নজরুলসংগীত
৪.১.১০ উচ্চাঙ্গসংগীত
৪.১.১১ লোকসংগীত (ভাওয়াইয়া, ভাটিয়ালী, পল্লীগীতি, লালনগীতি)
৪.১.১২ জারীগান (দলভিত্তিক)
৪.১.১৩ নির্ধারিত বক্তৃতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধ
৪.১.১৪ নৃত্য (উচ্চাঙ্গ)
৪.১.১৫ লোক নৃত্য।
৪.১.১৬ তাৎক্ষণিক অভিনয়

৫.০ **গ্রুপসমূহ**

৫.১ **নিম্নোক্ত গ্রুপে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:**

| ক্র. নং | পর্যায় | প্রতিযোগিতার গ্রুপ |
|---|---|---|
| ১. | ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি বা সমপর্যায় | গ্রুপ-ক |
| ২. | ৯ম থেকে ১০ম শ্রেণি বা সমপর্যায় | গ্রুপ-খ |
| ৩. | ১১শ থেকে ১২শ শ্রেণি বা সমপর্যায় | গ্রুপ-গ |
| ৪. | ১৩শ থেকে ১৭শ শ্রেণি বা সমপর্যায় | গ্রুপ-ঘ |

৫.২ উপজেলা পর্যায়ের বিজয়ীরা জেলায়, জেলা পর্যায়ের বিজয়ীরা অঞ্চলে এবং অঞ্চল পর্যায়ের বিজয়ীরা জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন। শুধুমাত্র জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় ৪.১.১ থেকে ৪.১.১৬ ইভেন্টের প্রতিটি হতে ১ম, ২য় ও ৩য় স্থান নির্বাচন করা হবে।

৫.৩ প্রতিটি প্রতিষ্ঠান থেকে নিম্নোক্ত শ্রেণিতে শিক্ষার্থী/শিক্ষক/গ্রুপ নির্বাচন করে উপজেলায় প্রেরণ করবেন। উপজেলা পর্যায়ের বিজয়ীরা জেলায়, জেলা পর্যায়ের বিজয়ীরা অঞ্চলে এবং অঞ্চল পর্যায়ের বিজয়ীরা জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন।

৫.৩.১ শ্রেষ্ঠ শিক্ষার্থী
৫.৩.২ শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক
৫.৩.৩ শ্রেষ্ঠ স্কাউট
৫.৩.৪ শ্রেষ্ঠ গার্ল গাইডস
৫.৩.৫ শ্রেষ্ঠ রোভার
৫.৩.৬ শ্রেষ্ঠ রেঞ্জার
৫.৩.৭ শ্রেষ্ঠ বি.এন.সি.সি
৫.৩.৮ শ্রেষ্ঠ স্কাউট গ্রুপ
৫.৩.৯ শ্রেষ্ঠ গার্ল গাইডস গ্রুপ
৫.৩.১০ শ্রেষ্ঠ রোভার গ্রুপ
৫.৩.১১ শ্রেষ্ঠ রেঞ্জার গ্রুপ
৫.৩.১২ শ্রেষ্ঠ বি.এন.সি.সি গ্রুপ
৫.৩.১৩ শ্রেষ্ঠ স্কাউট শিক্ষক
৫.৩.১৪ শ্রেষ্ঠ গার্ল গাইডস শিক্ষক
৫.৩.১৫ শ্রেষ্ঠ রোভার শিক্ষক
৫.৩.১৬ শ্রেষ্ঠ রেঞ্জার শিক্ষক
৫.৩.১৭ শ্রেষ্ঠ বি.এন.সি.সি শিক্ষক

**৫.৪** উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন কার্যক্রমে অংশগ্রহণের জন্য প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবরে প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য (জীবনবৃত্তান্ত ও প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য) এবং প্রতিষ্ঠান থেকে সকল বিষয়ের প্রতিযোগিতা ও নির্বাচন সম্পন্ন করে বিজয়ী ও শ্রেষ্ঠদের তালিকা নির্ধারিত তারিখের মধ্যে স্ব-স্ব এলাকার উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দপ্তরে পৌঁছাতে হবে।

**৫.৫** জেলা কমিটি জেলা পর্যায়ে ০১ জন শ্রেষ্ঠ মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নির্বাচন করে তাঁর নাম প্রয়োজনীয় কাগজপত্রসহ আঞ্চলিক পরিচালকের নিকট প্রেরণ করবে। আঞ্চলিক কমিটি অঞ্চল পর্যায়ে সংশ্লিষ্ট জেলাসমূহ থেকে প্রাপ্ত উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের মধ্য হতে শ্রেষ্ঠ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং একজন শ্রেষ্ঠ জেলা শিক্ষা কর্মকর্তা নির্বাচন করে তাঁর নাম প্রয়োজনীয় কাগজপত্রসহ জাতীয় পর্যায়ে প্রেরণ করবে।

**৫.৬** মহানগর থানা কমিটি (ঢাকা মহানগর থানা কমিটি বাদে) মহানগরী পর্যায়ে প্রতিযোগিতা সম্পন্ন করে সকল নির্বাচিত ও বিজয়ীদের তালিকা নির্ধারিত তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট জেলায় প্রেরণ করবেন। শুধু ঢাকা মহানগরী থানা কমিটি মহানগরীর শিক্ষা থানা পর্যায়ের নির্বাচন ও প্রতিযোগিতা সম্পন্ন করে সকল নির্বাচিত ও বিজয়ীদের তালিকা নির্ধারিত তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ ঢাকা মহানগর কমিটির নিকট প্রেরণ করবে।

**৫.৭** সকল আঞ্চলিক কমিটি এবং ঢাকা মহানগর কমিটি নির্ধারিত তারিখে প্রতিযোগিতা সম্পন্ন করে সকল নির্বাচিত ও বিজয়ীদের তালিকা প্রয়োজনীয় কাগজপত্রসহ অনধিক দুই দিনের মধ্যে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা বরাবর সরাসরি হার্ডকপি এবং সফটকপি পৌঁছানো নিশ্চিত করবে।

## ৬.০ নির্বাচন পদ্ধতি:

**৬.১ (ক) শ্রেষ্ঠ শিক্ষার্থী নির্বাচন (একটি প্রতিষ্ঠান হতে একজন শ্রেষ্ঠ শিক্ষার্থীর নাম প্রেরণ করতে হবে):**

<table>
<tr><th>ক্র: নং</th><th>মূল্যায়নের বিষয়</th><th>নম্বর</th><th>মূল্যায়ন / নম্বর প্রদানের নির্দেশনা</th></tr>
<tr><td>১.</td><td>বিগত বার্ষিক/পাবলিক পরীক্ষার ফলাফল</td><td>২০</td><td>চতুর্থ বিষয় ছাড়া জিপিএ-৫ হলে ২০<br>চতুর্থ বিষয়সহ জিপিএ-৫ হলে ১৮<br>৪ এর বেশি কিন্তু ৫ এর কম হলে ১৬<br>(এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমানের ২০২২ সালের পরীক্ষার ফলাফল বিবেচ্য হবে। বার্ষিক পরীক্ষার ক্ষেত্রে ২০২২ সালে অনুষ্ঠিত সকল পরীক্ষার ফলাফল বিবেচনায় নিতে হবে)</td></tr>
<tr><td>২.</td><td>উপস্থিতির শতকরা হার</td><td>১৫</td><td><table>
<tr><td>শতকরা</td><td>প্রাপ্ত মান</td></tr>
<tr><td>৯৫ অথবা ৯৫ এর তদূর্ধ্ব</td><td>১৫</td></tr>
<tr><td>৯০ বা ৯০ এর বেশি এবং ৯৫ এর কম</td><td>১২</td></tr>
<tr><td>৮৫ বা ৮৫ এর বেশি এবং ৯০ এর কম</td><td>১০</td></tr>
<tr><td>৮০ বা ৮০ এর বেশি এবং ৮৫ এর কম</td><td>০৮</td></tr>
<tr><td>৭৫ বা ৭৫ এর বেশি এবং ৮০ এর কম</td><td>০৪</td></tr>
<tr><td>৭৫ এর কম</td><td>০</td></tr>
</table></td></tr>
<tr><td>৩.</td><td>সংগীত দক্ষতা</td><td>১০</td><td>আন্তর্জাতিক পুরস্কারের জন্য ১০, জাতীয় পর্যায়ের পুরস্কারের জন্য ৮, জেলা পর্যায়ের পুরস্কারের জন্য ৬ এবং প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ অথবা অন্যান্য পুরস্কারের জন্য ৫ নম্বর পাবে। (যে কোন একটি প্রযোজ্য)</td></tr>
<tr><td>৪.</td><td>খেলাধুলা/ক্রীড়া দক্ষতা</td><td>১০</td><td>আন্তর্জাতিক পুরস্কারের জন্য ১০, জাতীয় পর্যায়ের পুরস্কারের জন্য ৮, জেলা পর্যায়ের পুরস্কারের জন্য ৬ এবং প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ অথবা অন্যান্য পুরস্কারের জন্য ৫ নম্বর পাবে(যে কোন একটি প্রযোজ্য)</td></tr>
<tr><td>৫.</td><td>ছবি আঁকা দক্ষতা</td><td>১০</td><td>আন্তর্জাতিক পুরস্কারের জন্য ১০, জাতীয় পর্যায়ের পুরস্কারের জন্য ৮, জেলা পর্যায়ের পুরস্কারের জন্য ৬ এবং প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ অথবা অন্যান্য পুরস্কারের জন্য ৫ নম্বর পাবে(যে কোন একটি প্রযোজ্য)</td></tr>
<tr><td>৬.</td><td>সাময়িকী/বার্ষিকী এরূপ কোন প্রকাশনায় লেখার অভিজ্ঞতা</td><td>১০</td><td>নিজের গ্রন্থ প্রকাশনা- ১০, জাতীয় পর্যায়ের প্রকাশনায় লেখা-৬, দেয়ালিকা ও প্রতিষ্ঠানের বার্ষিকীতে লেখা-৫, কেবল বার্ষিকীতে লেখা-৪, কেবল দেয়ালিকায় লেখা-৩। (যে কোন একটি প্রযোজ্য)</td></tr>
<tr><td>৭.</td><td>স্কাউট/গার্ল গাইডস/বিএনসিসি/রোভার কার্যক্রমে সম্পৃক্ততা</td><td>৫</td><td>যেকোন দল পর্যায়ের সদস্য হতে হবে। তিন বা ততোধিক কর্মসূচিতে অংশগ্রহণের জন্য-৫, দুটি কর্মসূচিতে অংশগ্রহণের জন্য-৪, একটি কর্মসূচিতে অংশগ্রহণের জন্য ৩, কোন কর্মসূচিতে অংশগ্রহণ না করার ক্ষেত্রে-০। (যে কোন একটি প্রযোজ্য)</td></tr>
<tr><td>৮.</td><td>নেতৃত্বদানের ক্ষমতা</td><td>৫</td><td>ক্লাস ক্যাপ্টেন থাকা, বিভিন্ন দলীয় কাজে নেতৃত্বদান, সহপাঠীদের বিভিন্ন প্রয়োজনের বিষয়ে কর্তৃপক্ষকে অবহিতকরণ ইত্যাদির আলোকে মূল্যায়ন করতে হবে।</td></tr>
<tr><td>৯.</td><td>সামাজিক কর্মকান্ডে অংশগ্রহণ</td><td>৫</td><td>প্রতিষ্ঠান আয়োজিত অনুষ্ঠানাদিতে সহযোগিতা করার ক্ষেত্রে স্বতঃস্ফুর্ততা, ত্রাণ, পুর্নবাসন, পরিচ্ছন্নতা কার্যক্রম, সচেতনতামূলক কার্যক্রম ইত্যাদির আলোকে মূল্যায়ন করতে হবে।</td></tr>
<tr><td>১০.</td><td>নৈতিক দৃঢ়তা</td><td>৫</td><td>প্রতিষ্ঠান প্রধান শিক্ষার্থীর নৈতিক গুণাবলি, মূল্যবোধ ইত্যাদি পর্যবেক্ষণ করে এতদসংক্রান্ত প্রত্যয়ন প্রদান করবেন এবং মূল্যায়ন করবেন</td></tr>
<tr><td>১১.</td><td>আইসিটি বিষয়ে দক্ষতা</td><td>৫</td><td>শিক্ষার্থীর পর্যায় বিবেচনা করে মূল্যায়ন করবেন</td></tr>
<tr><td colspan="2">মোট নম্বর</td><td>১০০</td><td></td></tr>
</table>

**(খ) শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক নির্বাচন:**

| ক্র: নং | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন / নম্বর প্রদানের নির্দেশনা | | | |
|---|---|---|---|---|---|---|
| ১ | শিক্ষাগত যোগ্যতা | ১০ | প্রতিষ্ঠানপর্যায় | সনদ | ফলাফল | প্রদেয় নম্বর |
| | | | স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি | এসএসসি/ সমমান | ১ম বিভাগ/ সমমানের জিপিএ | ২ |
| | | | | | ২য় বিভাগ/ সমমানের জিপিএ | ১ |
| | | | | এইচএসসি/সমমান | ১ম বিভাগ/ সমমানের জিপিএ | ২ |
| | | | | | ২য় বিভাগ/ সমমানের জিপিএ | ১ |
| | | | | চার বছর মেয়াদি অনার্স/ তিন বছর মেয়াদি অনার্সসহ মাস্টার্স (উভয়টিতে ১ম শ্রেণি/ সমমানের জিপিএর জন্য- ৩<br><br>স্নাতক(ডিগ্রি)সহ মাস্টার্স (উভয়টিতে ১ম বিভাগ/ শ্রেণি/ সমমানের জিপিএর জন্য- ৩<br>যেকোন ০১টিতে ২য় বিভাগ /শ্রেণি/ সমমানের জিপিএর জন্য-২, উভয়টিতে ২য় বিভাগ /শ্রেণি/ সমমানের জিপিএর জন্য -১) | | ৩ |
| | | | স্কুল ও সমপর্যায়ের প্রতিষ্ঠান পেশাগত ডিগ্রি (যেকোন একটি বিবেচিত হবে) | বি.এড সহ এম.এড এর জন্য -৩;<br>শুধু এম.এড এর জন্য -১,<br>শুধু বি.এড এর জন্য -২ | | ৩ |
| | | | কলেজ ও সমপর্যায়ের প্রতিষ্ঠান | পিএইচ.ডি. এর জন্য -৩<br>এম.ফিল. এর জন্য -২ | | ৩ |
| ২ | শিক্ষকতার অভিজ্ঞতা | ১০ | অভিজ্ঞতা ১ থেকে ৫ বছরের মধ্যে হলে ৫ নম্বর, পরবর্তী প্রতি ৪ বছরের জন্য ১ নম্বর করে সর্বাধিক ২৫ বছরের অভিজ্ঞতাকে মূল্যায়ন করতে হবে। | | | |
| ৩ | বিষয়ভিত্তিক জ্ঞান ও নিষ্ঠা | ১০ | বিষয়ভিত্তিক জ্ঞান ভাল মর্মে শিক্ষার্থী, সহকর্মী, প্রতিষ্ঠান প্রধান ক্ষেত্রমতে প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির মধ্যে খ্যাতি আছে এবং নিয়মিত শ্রেণিকক্ষে পাঠদানের ক্ষেত্রে আগ্রহী ও স্বাচ্ছন্দবোধ করেন ইত্যাদি বিবেচনায় মূল্যায়ন করতে হবে। | | | |
| ৪ | প্রশ্নপত্র তৈরির দক্ষতা | ০৫ | প্রশিক্ষণসহ প্রশ্নপত্র প্রণয়নে দক্ষতা থাকলে-০৫, প্রশিক্ষণ না থাকলে-০৩। | | | |

| | | | |
|---|---|---|---|
| ৫ | ছাত্র-ছাত্রী, অভিভাবক, সহকর্মী ও কর্তৃপক্ষের সাথে সহযোগিতার প্রবণতা | ০৫ | জাতীয় দিবসসমূহ উদযাপনে, শিক্ষাসফরে, বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান আয়োজনে, প্রতিষ্ঠানের বার্ষিকী প্রকাশে, বার্ষিক ধর্মীয় অনুষ্ঠান এবং অন্যান্য অনুষ্ঠানাদিতে ছাত্র-ছাত্রী, অভিভাবক, সহকর্মী ও কর্তৃপক্ষের সাথে তিনি কীভাবে অংশগ্রহণ করেন তার নিরীখে মূল্যায়ন করতে হবে। |
| ৬ | চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা ও সুনাম | ০৫ | সংশ্লিষ্ট শিক্ষকের চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা ও সুনাম সম্পর্কে শিক্ষার্থী, সহকর্মী, প্রতিষ্ঠানপ্রধান ও প্রযোজ্যক্ষেত্রে প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সদস্যগণের যে সাধারণ ধারণা আছে মূল্যায়নের ক্ষেত্রে তার প্রতিফলন থাকতে হবে। |
| ৭ | শৃঙ্খলাবোধ, দায়িত্ববোধ, সময়ানুবর্তিতা, শ্রেণিকক্ষে পাঠদানে নিয়মানুবর্তিতা | ০৫ | সংশ্লিষ্ট শিক্ষকের শৃঙ্খলাবোধ, দায়িত্ববোধ, সময়ানুবর্তিতা সম্পর্কে শিক্ষার্থী, সহকর্মী, প্রতিষ্ঠান প্রধান ও প্রযোজ্যক্ষেত্রে প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সদস্যগণের যে সাধারণ ধারণা আছে মূল্যায়নের ক্ষেত্রে তার প্রতিফলন থাকতে হবে। |
| ৮ | ডিজিটাল কনটেন্ট তৈরি এবং শ্রেণি কক্ষে মাল্টিমিডিয়ার ব্যবহার | ১০ | ডিজিটাল কনটেন্ট তৈরি করেন -৩ এবংশিক্ষক বাতায়ন থেকে কনটেন্ট ডাউনলোড ও আপলোড করেন-২। অনলাইন ক্লাস গ্রহণ করেন -৩। teachers.gov.bd এর সদস্য হলে-০২, নাহলে -০১ । |
| ৯ | পাঠ্যপুস্তক প্রণয়ন | ১০ | ISBN থাকলে-১০, ISBN না থাকলে-০৮ । |
| ১০ | পেশাগত/গবেষণামূলক সৃজনশীল প্রকাশনা | ১০ | আন্তর্জাতিক খ্যাতনামা জার্নালে একটি প্রকাশনা-১০, জাতীয় জার্নালে দুইটি প্রকাশনা - ৫×২=১০, জাতীয় পত্রিকায় সৃজনশীল প্রতিটি প্রকাশনা-২ করে অনধিক -১০। |
| ১১ | গুণগতমানের শিক্ষায় উদ্ভাবনী/ সৃজনশীল উদ্যোগ ও উত্তমচর্চার নিদর্শন। কমিটির কাজে দক্ষ ও আর্থিক শৃঙ্খলা | ১০ | প্রতিষ্ঠানে উদ্ভাবনীমূলক উৎকর্ষ সাধন, ভিশন-২০৪১, এসডিজি-৪ কে সামনে রেখে লক্ষ্য নির্ধারণ ইত্যাদি বিষয় বিবেচনায় নিতে হবে-৫। ক্যাম্পাসে উত্তমচর্চার নিদর্শন মূল্যায়ন করতে হবে-২ । কমিটির কাজে দক্ষ ও আর্থিক শৃঙ্খলা-৩ । |
| ১২ | মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান | ৫ | সনদ যাচাইপূর্বক নম্বর প্রদান করতে হবে । |
| ১৩ | শ্রেণি পাঠদানের সক্ষমতা | ৫ | সংশ্লিষ্ট শিক্ষক যে বিষয় ও শ্রেণিতে পাঠ দান করেন সেই বিষয় ও শ্রেণির শিক্ষার্থীদের মুল্যায়নের ভিত্তিতে প্রতিষ্ঠান প্রধান নম্বর প্রদান করবেন এবং মূল্যায়ন প্রতিবেদন সংশ্লিষ্ট কমিটির নিকট প্রেরণ করবেন। |
| | মোট নম্বর | ১০০ | |

**(গ) শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান নির্বাচন:**

| ক্র: নং | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন / নম্বর প্রদানের নির্দেশনা | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | প্রতিষ্ঠান পর্যায় | সনদ | ফলাফল | প্রদেয় নম্বর |
| ১ | শিক্ষাগত যোগ্যতা | ১০ | স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি | এসএসসি/সমমান | ১ম বিভাগ/ সমমানের জিপিএ | ২ |
| | | | | | ২য় বিভাগ/ সমমানের জিপিএ | ১ |
| | | | | এইচএসসি/সমমান | ১ম বিভাগ/ সমমানের জিপিএ | ২ |
| | | | | | ২য় বিভাগ/ সমমানের | ১ |

| | | | |
|---|---|---|---|
| | | জিপিএ | |
| | চার বছর মেয়াদি অনার্স/ তিন বছর মেয়াদি অনার্সসহ মাস্টার্স (উভয়টিতে ১ম শ্রেণি/ সমমানের জিপিএর জন্য- ৩<br><br>স্নাতক(ডিগ্রি)সহ মাস্টার্স (উভয়টিতে ১ম বিভাগ/ শ্রেণি/ সমমানের জিপিএর জন্য- ৩,<br><br>যেকোন ০১টিতে ২য় বিভাগ /শ্রেণি/ সমমানের জিপিএর জন্য-২, উভয়টিতে ২য় বিভাগ /শ্রেণি/ সমমানের জিপিএর জন্য -১) | | ৩ |
| স্কুল ও সমপর্যায়ের প্রতিষ্ঠান পেশাগত ডিগ্রি (যেকোন একটি বিবেচিত হবে) | বি.এড. সহ এম.এড এর জন্য - ৩<br>শুধু বি.এড এর জন্য -২<br>শুধু এম.এড এর জন্য -১ | | ৩ |
| কলেজ ও সমপর্যায়ের প্রতিষ্ঠান (যেকোন একটি বিবেচিত হবে) | পিএইচ.ডি. এর জন্য -৩<br>এম.ফিল. এর জন্য -২ | | ৩ |

| | | | |
|---|---|---|---|
| ২ | প্রতিষ্ঠান প্রধান হিসেবে অভিজ্ঞতা | ০৬ | |

| বছর | | প্রাপ্ত মান |
|---|---|---|
| ৬ বছর বা তদূর্ধ্ব | | ৬ |
| ৫ বছর | | ৫ |
| ৪ বছর | | ৪ |
| ৩ বছর | | ৩ |
| ১ বা ১ বছরের বেশি এবং ৩ বছরের কম | | ২ |

| | | | |
|---|---|---|---|
| ৩ | ছাত্র-ছাত্রী ও সহকর্মীদের উপর প্রভাব এবং অভিভাবক ও কর্তৃপক্ষের সাথে সহযোগিতার প্রবণতা | ০৫ | দক্ষ ব্যবস্থাপক হিসেবে ছাত্র-ছাত্রী ও সহকর্মীদের উপর যথেষ্ট তত্ত্বাবধান আছে। প্রতিষ্ঠানের সকল সহকর্মীর মধ্যকার পারস্পরিক শ্রদ্ধার সম্পর্ক প্রতিষ্ঠায় তাঁর যথেষ্ট ভূমিকা আছে। অভিভাবক ও কর্তৃপক্ষের সাথে সহযোগিতার মনোভাব পোষণ করেন। |
| ৪ | চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা ও সুনাম | ০৫ | সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা ও সুনাম সম্পর্কে শিক্ষার্থী, সহকর্মী, সমাজের সদস্যগণ ও প্রযোজ্যক্ষেত্রে প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সদস্যগণের যে সাধারণ/প্রচলিত ধারণা আছে তার ভিত্তিতে মূল্যায়ন করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| ৫ | প্রশাসনিক দক্ষতা | ১৫ | প্রতিষ্ঠানের রেকর্ডপত্রের যথাযথ সংরক্ষণ, সংশ্লিষ্ট দপ্তরসমুহের সাথে যোগাযোগের ক্ষেত্রে দক্ষতা, পাবলিক পরীক্ষায় প্রতিষ্ঠানের ফলাফল, শিক্ষার্থী ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ের ভিত্তিতে মূল্যায়ন করতে হবে। |
| ৬ | আর্থিক শৃঙ্খলা | ৫ | সঠিকভাবে বাজেট প্রণয়ন এবং প্রতিষ্ঠানের অডিট আপত্তি সম্পর্কিত বিষয় বিবেচনা করতে হবে। |
| ৭ | পাঠ্যপুস্তক প্রণয়ন | ৮ | ISBN থাকলে-৪, ISBN না থাকলে-২, একাডেমিক ক্যালেন্ডার-২, বার্ষিক ম্যাগাজিন (২০২২) -২ |
| ৮ | পেশাগত/গবেষণামূলক সৃজনশীল প্রকাশনা | ১০ | আন্তর্জাতিক খ্যাতনামা জার্নালে একটি প্রকাশনা-১০, জাতীয় জার্নালে দুইটি প্রকাশন- ৫×২=১০, জাতীয় পত্রিকায় প্রতিটি সৃজনশীল প্রকাশনা-২ করে অনধিক- ১০ |
| ৯ | ICT বিষয়ে দক্ষতা | ০৫ | অনলাইন ক্লাস কার্যক্রম মনিটরিং এবং ICT ব্যবহারে পারদর্শী। |
| ১০ | সবুজ ও পরিচ্ছন্ন ক্যাম্পাস ও স্বাস্থ্য বিধি অনুযায়ী বিদ্যালয় পুনঃসজ্জিতকরণ | ১০ | ক্যাম্পাস পরিস্কার-পরিচ্ছন্ন -৫। স্বাস্থ্যবিধির গাইডলাইন অনুযায়ী বিদ্যালয়ের শ্রেণিকক্ষ সজ্জিতকরণ অন্যান্য কার্যক্রম গ্রহণ-৫ |
| ১১ | গুণগত শিক্ষায় উদ্ভাবনী/ সৃজনশীল উদ্যোগ ও উত্তমচর্চার নিদর্শন | ০৭ | প্রতিষ্ঠানে গুণগত শিক্ষায় উদ্ভাবনমূলক উৎকর্ষ সাধন, রূপকল্প ২০৪১ ও এসডিজি-৪ কে সামনে রেখে লক্ষ্য নির্ধারণ ইত্যাদি বিষয় বিবেচনায় নিতে হবে-৫। ক্যাম্পাসে উত্তম চর্চার নিদর্শন মূল্যায়ন করতে হবে-২ |
| ১২ | মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান | ০৫ | সনদ যাচাইপূর্বক নম্বর প্রদান করতে হবে |
| ১৩ | প্রতিষ্ঠানের দৃশ্যমান উন্নয়ন ও গুণগত পরিবর্তন, প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য গৃহীত ভবিষ্যত পরিকল্পনা | ৯ | প্রতিষ্ঠানের দৃশ্যমান উন্নয়ন(ভৌত)-২ ও গুণগত পরিবর্তন(প্রশাসনিক ও একাডেমিক)-৩, প্রতিষ্ঠানের উন্নয়নের জন্য গৃহীত ভবিষ্যত পরিকল্পনা-৪ |
| | মোট নম্বর | ১০০ | |

**(ঘ) শ্রেষ্ঠ প্রতিষ্ঠান নির্বাচন:**

| ক্র: নং | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন / নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|---|
| ১ | ফলাফল | ২০ | প্রতি বছরের জন্য নিম্নের ছক অনুযায়ী নম্বর প্রদান করে সর্বশেষ প্রকাশিত ২ বছরের ফলাফলের সমষ্টির মাধ্যমে বরাদ্দকৃত ২০ এর বিপরীতে মোট নম্বর প্রদান করতে হবে।<br>(এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমানের ২০২১ ও ২০২২ সালের পরীক্ষার ফলাফল বিবেচ্য হবে।) |

| পাসের শতকরা হার | প্রাপ্ত মান |
|---|---|
| ১০০ | ১০ |
| ৯০ বা ৯০ এর বেশি এবং ১০০ এর কম | ৯ |
| ৮০ বা ৮০ এর বেশি এবং ৯০ এর কম | ৮ |
| ৭০বা ৭০ এর বেশি এবং ৮০ এর কম | ৬ |
| ৬০ বা ৬০ এর বেশি এবং ৭০ এর কম | ৫ |
| ৫০ বা ৫০ এর বেশি এবং ৬০ এর কম | ৩ |
| ৫০ এর কম | ০ |

| ক্র: নং | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন / নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|---|
| ২ | পাস করা ছাত্র/ছাত্রী সংখ্যা | ১০ | প্রতি বছরের জন্য নিম্নের ছক অনুযায়ী নম্বর প্রদান করে সর্বশেষ প্রকাশিত ২ বছরের পাস করা ছাত্র/ছাত্রী সংখ্যার ভিত্তিতে বরাদ্দকৃত (৫×২) = ১০ এর বিপরীতে মোট নম্বর প্রদান করতে হবে। |

| বিদ্যালয়ের ক্ষেত্রে | | মহাবিদ্যালয়ের ক্ষেত্রে | |
|---|---|---|---|
| সংখ্যা | নম্বর | সংখ্যা | নম্বর |

<table>
<tr><td></td><td></td><td></td><td>
<table>
<tr><td>৬০ বা তদূর্ধ্ব</td><td>৫</td><td>১৫০ বা তদূর্ধ্ব</td><td>৫</td></tr>
<tr><td>৩০ বা ৩০ এর বেশি এবং ৬০ এর কম</td><td>৩</td><td>৯০ বা ৯০ এর বেশি এবং ১৫০ এর কম</td><td>৩</td></tr>
<tr><td>১৫বা ১৫ এর বেশি এবং ৩০ এর কম</td><td>১</td><td>৫০ এর বেশি এবং ৯০ এর কম</td><td>১</td></tr>
</table>
</td></tr>
<tr><td>৩.</td><td>প্রতিষ্ঠানের মোট শিক্ষার্থীর সংখ্যা</td><td>৫</td><td>
<table>
<tr><td colspan="2">বিদ্যালয়ের ক্ষেত্রে</td><td colspan="2">মহাবিদ্যালয়ের ক্ষেত্রে</td></tr>
<tr><td>সংখ্যা</td><td>নম্বর</td><td>সংখ্যা</td><td>নম্বর</td></tr>
<tr><td>৩০০ বা তদূর্ধ্ব</td><td>৫</td><td>৩৫০ বা তদূর্ধ্ব</td><td>৫</td></tr>
<tr><td>২০০ থেকে ২৯৯</td><td>৩</td><td>২৫০ থেকে ৩৪৯</td><td>৩</td></tr>
<tr><td>১০০ থেকে ১৯৯</td><td>১</td><td>১০০ থেকে ২৪৯</td><td>১</td></tr>
</table>
</td></tr>
<tr><td>৪.</td><td>শিক্ষক ও শিক্ষার্থী অনুপাত</td><td>৫</td><td>
<table>
<tr><td colspan="2">বিদ্যালয়ের ক্ষেত্রে</td><td colspan="2">মহাবিদ্যালয়ের ক্ষেত্রে</td></tr>
<tr><td>সংখ্যা</td><td>নম্বর</td><td>সংখ্যা</td><td>নম্বর</td></tr>
<tr><td>১:৪০</td><td>৫</td><td>১:৬০</td><td>৫</td></tr>
<tr><td>১:৬০</td><td>৩</td><td>১:১৫০</td><td>৩</td></tr>
<tr><td>অন্যান্য</td><td>১</td><td>অন্যান্য</td><td>১</td></tr>
</table>
</td></tr>
<tr><td>৫.</td><td>কর্মরত শিক্ষকগণের শিক্ষাগত যোগ্যতার মানের গড়</td><td>১৫</td><td>শতকরা কতজন শিক্ষকের (কর্মরত শিক্ষকগণের মধ্যে) প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতার অতিরিক্ত যোগ্যতা আছে<br>(বি.এড/এম.এড/এম.ফিল/পিএইচ.ডি/অন্যান্য) তার ভিত্তিতে
<table>
<tr><td>শতকরা</td><td>প্রাপ্ত মান</td></tr>
<tr><td>২০ অথবা তদূর্ধ্ব</td><td>১৫</td></tr>
<tr><td>১৫ অথবা ১৫ এর বেশি এবং ২০ এর কম</td><td>১২</td></tr>
<tr><td>১০ বা ১০ এর বেশি এবং ১৫ এর কম</td><td>৯</td></tr>
<tr><td>৫ বা ৫ এর বেশি এবং ১০ কম</td><td>৬</td></tr>
</table>
</td></tr>
<tr><td>৬.</td><td>ভৌত অবকাঠামোগত সুবিধা</td><td>৫</td><td>পর্যাপ্ত অবকাঠামো থাকা এবং বিদ্যমান অবকাঠামোর মান এর আলোকে মূল্যায়ন করতে হবে।</td></tr>
<tr><td>৭.</td><td>প্রশাসনিক ও আর্থিক শৃঙ্খলা</td><td>৫</td><td>বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে ব্যবস্থাপনা কমিটি আছে কিনা, বাজেট কমিটি কর্তৃক আর্থিক বিষয়গুলো অনুমোদন হয় কিনা, ইত্যাদির ভিত্তিতে নম্বর প্রদান করতে হবে। সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে কোন অডিট আপত্তি আছে কিনা তার ভিত্তিতে নম্বর দিতে হবে।</td></tr>
<tr><td>৮.</td><td>জাতীয় দিবসসমূহ উদযাপন</td><td>৫</td><td>জাতীয় দিবসসমূহ নিয়মিত যথাযথ মর্যাদায় গুরুত্ব সহকারে পালন করার উপর ভিত্তি করে মূল্যায়ন করতে হবে।</td></tr>
<tr><td>৯.</td><td>প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীগণের জন্য সুপেয় পানি ও স্যানিটেশন ব্যবস্থা</td><td>৫</td><td>প্রতিষ্ঠানের শিক্ষকগণের জন্য আলাদা টয়লেট এবং প্রযোজ্য ক্ষেত্রে ছাত্র ও ছাত্রীগণের জন্য আলাদা টয়লেট সুবিধা এবং সকলের জন্য সুপেয় পানির ব্যবস্থা থাকার উপর ভিত্তি করে মূল্যায়ন করতে হবে।</td></tr>
<tr><td>১০.</td><td>গ্রন্থাগার, বিজ্ঞানাগার</td><td>৫</td><td>স্বতন্ত্র গ্রন্থাগার থাকা এবং গ্রন্থাগারের বইয়ের সংখ্যা ও শিক্ষার্থীদের গ্রন্থাগার ব্যবহারের মাত্রা বিবেচনায় মূল্যায়ন করতে হবে। বিজ্ঞানাগার থাকা, বিজ্ঞানাগারের ব্যবহারিক যন্ত্রপাতির পরিমাণ এবং শিক্ষার্থীগণের জন্য বিজ্ঞানাগার ব্যবহারের সুযোগ সুবিধা বিবেচনা করে মূল্যায়ন করতে হবে।</td></tr>
<tr><td>১১.</td><td>পঠন পাঠনের নিয়মানুবর্তিতা, খেলাধুলা ও সহপাঠ্যক্রম ব্যবস্থা</td><td>৫</td><td>শ্রেণি কার্যক্রম নিয়মিত হওয়ার বিষয়ে শিক্ষার্থী, অভিভাবকগণের মধ্যে সুনাম, বাৎসরিক পাঠ পরিকল্পনা ও ক্লাস রুটিনের মধ্যে সামঞ্জস্যতা ইত্যাদির ভিত্তিতে মূল্যায়ন করতে হবে।</td></tr>
<tr><td>১২.</td><td>শিক্ষার পরিবেশ</td><td>৫</td><td>সুপরিসর ও মানসম্মত শ্রেণিকক্ষ, খেলার মাঠ, প্রাকৃতিক পরিবেশ ইত্যাদির আলোকে মূল্যায়ন করতে হবে। স্বাস্থ্যবিধি মেনে প্রতিষ্ঠান সজ্জিতকরণের বিষয়টি বিবেচনা করতে হবে।</td></tr>
<tr><td>১৩.</td><td>মাল্টিমিডিয়া ক্লাসরুম/কম্পিউটার ল্যাব</td><td>৫</td><td>কম্পিউটার ল্যাব থাকা ও মাল্টিমিডিয়া ক্লাসরুম থাকা ,অনলাইনে শ্রেণি কার্যক্রম পরিচালনা করা, অ্যাসাইনমেন্ট প্রদান করার উপর ভিত্তি করে মূল্যায়ন করতে হবে</td></tr>
<tr><td>১৪.</td><td>প্রতিষ্ঠানে স্কাউট/গার্ল</td><td>৫</td><td>প্রতিষ্ঠানে স্কাউট/গার্ল গাইডস/রোভার/বি.এন.সি.সি/যুব রেড ক্রিসেন্ট</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | গাইডস/রোভার/বি.এন.সি.সি/ যুব রেড ক্রিসেন্ট ইত্যাদির কার্যক্রম থাকা। | | ইত্যাদির কার্যক্রম থাকার উপর ভিত্তি করে মূল্যায়ন করতে হবে। |
| | **মোট নম্বর** | **১০০** | |

**(ঙ) শ্রেষ্ঠ স্কাউট, শ্রেষ্ঠ গার্ল গাইডস, শ্রেষ্ঠ রোভার, শ্রেষ্ঠ রেঞ্জার, শ্রেষ্ঠ বি.এন.সি.সি নির্বাচন:**

| ক্র: নং | মূল্যায়নের বিষয় | নম্বর | | মূল্যায়ন / নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|---|---|
| ১. | স্কাউট/ গার্ল গাইডস/রোভার/ বি.এন.সি.সি হিসাবে কাজের অভিজ্ঞতার জন্য | ১০ | | ১ বছর হলে ২ নম্বর<br>২ বছর হলে ৪ নম্বর<br>৩ বছর হলে ৬ নম্বর<br>৪ বছর হলে ৮ নম্বর<br>৫ বছর বা তদুর্ধ হলে ১০ নম্বর |
| ২. | নৈপুন্যসূচক ব্যাজ | ১০ | | প্রতি ব্যাজ ২ নম্বর করে সর্বোচ্চ ১০ |
| ৩. | প্রেসিডেন্টস অ্যাওয়ার্ড প্রাপ্ত হলে | ১০ | | |
| ৪. | ডেক্যাম্প, জেলা ক্যাম্প, বিভাগীয় ক্যাম্প ও জাতীয় ক্যাম্পে অংশগ্রহণের জন্য | ১০ | | প্রতি ক্যাম্প- ১ নম্বর করে সর্বোচ্চ- ১০ |
| ৫. | অন্যান্য গুণাবলি (যেমন নাচ, গান, খেলাধূলা, সাহিত্য,বিতর্ক ইত্যাদি) | ৫ | | প্রতি গুণাবলির জন্য- ১ নম্বর সর্বোচ্চ- ৫ |
| ৬. | উন্নয়নমূলক কর্মসূচিতে অংশগ্রহণ | ৫ | | প্রতি কর্মসূচির জন্য- ২ নম্বর সর্বোচ্চ- ৫ |
| | **মোট নম্বর** | **৫০** | | |

**(চ) শ্রেষ্ঠ স্কাউট গ্রুপ, শ্রেষ্ঠ গার্ল গাইডস গ্রুপ, শ্রেষ্ঠ রোভার গ্রুপ, শ্রেষ্ঠ রেঞ্জার গ্রুপ, শ্রেষ্ঠ বি.এন.সি.সি গ্রুপ নির্বাচন:**

| ক্র: নং | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন / নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|---|
| ১. | দলটির বয়স | ১০ | ১ বছর হলে ২ নম্বর, ২ বছর হলে ৪ নম্বর, ৩ বছর হলে ৬ নম্বর, ৪ বছর হলে ৮ নম্বর, ৫ বছর বা তদুর্ধ হলে ১০ নম্বর |
| ২. | বিগত বছরে বাস্তবায়িত কার্যক্রম মূল্যায়ন | ১০ | |
| ৩. | বিভিন্ন জাতীয় দিবসে দলের অংশগ্রহণ | ৫ | প্রতি দিবসে ১ নম্বর করে সর্বোচ্চ ৫ নম্বর |
| ৪. | প্রকল্প পরিচালনার জন্য | ৫ | প্রতি প্রকল্প পরিচালনার জন্য ১ নম্বর করে সর্বোচ্চ ৫ |
| ৫. | জাতীয় পর্যায়ের কর্মসূচিতে অংশগ্রহণ | ১০ | |
| ৬. | আন্তর্জাতিক পর্যায়ে কর্মসূচিতে অংশগ্রহণ | ১০ | |
| | **মোট নম্বর** | **৫০** | |

**(ছ) শ্রেষ্ঠ স্কাউট শিক্ষক, শ্রেষ্ঠ গার্ল গাইডস শিক্ষক, শ্রেষ্ঠ রোভার শিক্ষক, শ্রেষ্ঠ রেঞ্জার শিক্ষক, শ্রেষ্ঠ বি.এন.সি.সি শিক্ষক নির্বাচন:**

| ক্র: নং | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন / নম্বর প্রদানের নির্দেশনা |
|---|---|---|---|
| ১ | স্কাউট/গার্ল গাইডস/রোভার/রেঞ্জার/ বি.এন.সি.সি শিক্ষক হিসাবে অভিজ্ঞতা | ১০ | ১ বছর হলে ২ নম্বর, ২ বছর হলে ৪ নম্বর, ৩ বছর হলে ৬ নম্বর, ৪ বছর হলে ৮ নম্বর, ৫ বছর বা তদুর্ধ হলে ১০ নম্বর |
| ২ | ক্যাম্প পরিচালনার জন্য (এক বছর, ২০২২ সালের আলোকে মূল্যায়ন করা হবে) | ৮ | প্রতি পরিচালনার জন্য ১ নম্বর |
| ৩ | উন্নয়নমূলক কর্মসূচীতে অংশগ্রহণ | ৮ | প্রতি কার্যক্রমের জন্য ১ নম্বর |
| ৪ | প্রকল্প কার্যক্রমের জন্য (এক বছর) | ৫ | প্রতি প্রকল্প ২ নম্বর করে সর্বোচ্চ ৫ |

| | | | |
|---|---|---|---|
| ৫ | প্রশিক্ষণের পর্যায়সমূহ | ১০ | প্রতি প্রশিক্ষণের জন্য ২ নম্বর |
| ৬ | দেশের বাইরে অংশগ্রহণ | ৫ | |
| ৭ | কনটেন্ট তৈরি ও প্রজেক্টরের ব্যবহার | ৪ | |
| | **মোট নম্বর** | **৫০** | |

**(জ) শ্রেষ্ঠ জেলা শিক্ষা কর্মকর্তা ও উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নির্বাচন:**

**(i) শ্রেষ্ঠ জেলা শিক্ষা কর্মকর্তা**

| ক্র: নং | মূল্যায়নের বিষয় | নম্বর | মূল্যায়ন / নম্বর প্রদানের নির্দেশনা | | |
|---|---|---|---|---|---|
| | | | সনদ | ফলাফল | প্রদেয় নম্বর |
| ০১. | শিক্ষাগত যোগ্যতা | ১০ | এসএসসি/সমমান | ১ম বিভাগ/ সমমানের জিপিএ | ২ |
| | | | | ২য় বিভাগ/ সমমানের জিপিএ | ১ |
| | | | এইচএসসি/সমমান | ১ম বিভাগ/ সমমানের জিপিএ | ২ |
| | | | | ২য় বিভাগ/ সমমানের জিপিএ | ১ |
| | | | চার বছর মেয়াদি অনার্স/ তিন বছর মেয়াদি অনার্সসহ মাস্টার্স (উভয়টিতে ১ম শ্রেণি/ সমমানের জিপিএর জন্য- ৩<br><br>স্নাতক(ডিগ্রি)সহ মাস্টার্স (উভয়টিতে ১ম বিভাগ/ শ্রেণি/ সমমানের জিপিএর জন্য- ৩<br><br>যেকোন ০১টিতে ২য় বিভাগ /শ্রেণি/ সমমানের জিপিএর জন্য-২, উভয়টিতে ২য় বিভাগ /শ্রেণি/ সমমানের জিপিএর জন্য -১) | | ৩ |
| | | | বি.এড সহ এম.এড এর জন্য -৩<br>শুধু বি.এড এর জন্য -২<br>শুধু এম.এড এর জন্য -১ | ৩ | |

| | | | |
|---|---|---|---|
| ০২. | জেলা শিক্ষা কর্মকর্তা হিসেবে অভিজ্ঞতা | ০৮ | বছর — প্রাপ্ত মান<br>১০ বছর বা তদূর্ধ — ৮<br>৬ বছর বা ৬ বছরের বেশি এবং ১০ বছরের কম — ৬<br>৪ বা ৪ বছরের বেশি এবং ৬ বছরের কম — ৪<br>২ বছর বা ২ বছরের বেশি এবং ৪ বছরের কম — ২<br>১ বছর বা ১ বছরের বেশি এবং ২ বছরের কম — ১ |
| ০৩. | সহকর্মীদের উপর প্রভাব এবং স্টেক হোল্ডারদের সাথে সহযোগিতা পূর্ণ মনোভাব | ০৫ | দক্ষ ব্যবস্থাপক হিসেবে সহকর্মীদের উপর যথেষ্ট নিয়ন্ত্রণ আছে । প্রতিষ্ঠানের সকল সহকর্মীর মধ্যকার পারস্পরিক শ্রদ্ধার সম্পর্ক প্রতিষ্ঠায় তাঁর যথেষ্ট ভূমিকা আছে। সেবাগ্রহীতা ও কর্তৃপক্ষের সাথে সহযোগিতার মনোভাব পোষণ করেন। |
| ০৪. | চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা ও সুনাম | ১০ | সংশ্লিষ্ট জেলা শিক্ষা কর্মকর্তার চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা ও সুনাম সম্পর্কে সংশ্লিষ্ট জেলার প্রধান শিক্ষকগণের মূল্যায়নের ভিত্তিতে নম্বর প্রদান করতে হবে। |
| ০৫. | প্রশাসনিক দক্ষতা ও আর্থিক শৃঙ্খলা | ১২ | প্রতিষ্ঠানের রেকর্ডপত্রের যথাযথ সংরক্ষণ, সংশ্লিষ্ট দপ্তরসমূহের সাথে যোগাযোগের ক্ষেত্রে দক্ষতা, আর্থিক শৃঙ্খলা ইত্যাদি বিষয়ের ভিত্তিতে মূল্যায়ন করতে হবে। |
| ০৬. | পেশাগত/গবেষণামূলক সৃজনশীল প্রকাশনা | ১০ | আন্তর্জাতিক খ্যাতনামা জার্নালে একটি প্রকাশনা-১০, জাতীয় জার্নালে দুইটি প্রকাশনা- ৫×২=১০, জাতীয় পত্রিকায় প্রতিটি সৃজনশীল প্রকাশনা-২ করে অনধিক -১০ |
| ০৭. | ICT বিষয়ে দক্ষতা | ০৮ | বিভিন্ন বিদ্যালয় এবং অধ:স্তন অফিস কার্যক্রম মনিটরিং এবং ICT ব্যবহারে পারদর্শী। |
| ০৮. | গুণগত শিক্ষায় উদ্ভাবনী/ সৃজনশীল উদ্যোগ ও উত্তমচর্চার নিদর্শন | ০৭ | জেলার গুণগত শিক্ষায় উদ্ভাবনীমূলক উৎকর্ষ সাধন, রুপকল্প ২০৪১ ও এসডিজি-৪ কে সামনে রেখে লক্ষ্য নির্ধারণ ইত্যাদি বিষয় বিবেচনায় নিতে হবে-৫। জেলা শিক্ষা অফিসে উত্তম চর্চার নিদর্শন মূল্যায়ন করতে হবে-২ |
| ০৯. | মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান | ০৫ | সনদ যাচাইপূর্বক নম্বর প্রদান করতে হবে। |
| ১০. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বিগত বছরের অর্জিত মান | ০৮ | বিগত দুই বছরে ২০২০-২০২১, ২০২১-২০২২ এর অর্জিত মানের গড় বিবেচনা করা হবে। ৮০ বা তদুর্ধ হলে-৮ , ৭০ বা ৭০এর বেশি এবং ৮০ এর কম হলে -৬, ৬০ বা ৬০ এর বেশি এবং ৭০ এর কম হলে-৪ এবং ৬০ এর নিচে কোন নম্বর প্রদান করা হবে না। |
| ১১ | শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং করা এবং রিপোর্ট প্রেরণ | ০৮ | শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং করার সংখ্যা ১২ টি হলে-৪ এবং রিপোর্ট মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিপ্তরের ওয়েবসাইটে আপলোড এর সংখ্যা ১২ টি হলে -৪ । শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং করার সংখ্যা এবং রিপোর্ট সংখ্যা কম হলে আনুপাতিক হারে নম্বর পাবেন। |
| ১২ | পুরস্কার | ০৪ | জাতীয় এবং আন্তর্জাতিক পুরস্কার প্রাপ্তির ক্ষেত্রে -৪ এবং স্থানীয় প্রশাসন থেকে পুরস্কার প্রাপ্তির ক্ষেত্রে -২ |
| ১৩ | এমপিও কার্যক্রমে স্বচ্ছতা | ০৫ | এম.পিও নীতিমালা শতভাগ মেনে এমপিও কার্যক্রম পরিচালনা করার দক্ষতা |
| | মোট নম্বর | ১০০ | |

(ii) **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা**

<table>
<tr><th>ক্র: নং</th><th>মূল্যায়নের বিষয়</th><th>নম্বর</th><th>মূল্যায়ন / নম্বর প্রদানের নির্দেশনা</th></tr>
<tr><td>০১.</td><td>শিক্ষাগত যোগ্যতা</td><td>১০</td><td>
<table>
<tr><th>সনদ</th><th>ফলাফল</th><th>প্রদেয় নম্বর</th></tr>
<tr><td rowspan="2">এসএসসি/সমমান</td><td>১ম বিভাগ/ সমমানের জিপিএ</td><td>২</td></tr>
<tr><td>২য় বিভাগ/ সমমানের জিপিএ</td><td>১</td></tr>
<tr><td rowspan="2">এইচএসসি/সমমান</td><td>১ম বিভাগ/ সমমানের জিপিএ</td><td>২</td></tr>
<tr><td>২য় বিভাগ/ সমমানের জিপিএ</td><td>১</td></tr>
<tr><td>চার বছর মেয়াদি অনার্স/ তিন বছর মেয়াদি অনার্সসহ মাস্টার্স (উভয়টিতে ১ম শ্রেণি/ সমমানের জিপিএর জন্য- ৩<br>স্নাতক(ডিগ্রি)সহ মাস্টার্স (উভয়টিতে ১ম বিভাগ/ শ্রেণি/ সমমানের জিপিএর জন্য- ৩, যেকোন ০১টিতে ২য় বিভাগ /শ্রেণি/ সমমানের জিপিএর জন্য-২, উভয়টিতে ২য় বিভাগ /শ্রেণি/ সমমানের জিপিএর জন্য -১)</td><td></td><td>৩</td></tr>
<tr><td>বি.এড সহ এম.এড এর জন্য -৩<br>শুধু বি.এড এর জন্য -২<br>শুধু এম.এড এর জন্য -১</td><td colspan="2">৩</td></tr>
</table>
</td></tr>
<tr><td>০২.</td><td>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা হিসেবে অভিজ্ঞতা</td><td>০৮</td><td>
<table>
<tr><th>বছর</th><th></th><th>প্রাপ্ত মান</th></tr>
<tr><td>১০ বছর বা তদূর্ধ</td><td></td><td>৮</td></tr>
<tr><td>৬ বছর বা ৬ বছরের বেশি এবং ১০ বছরের কম</td><td></td><td>৬</td></tr>
<tr><td>৪ বা ৪ বছরের বেশি এবং ৬ বছরের কম</td><td></td><td>৪</td></tr>
<tr><td>২ বছর বা ২ বছরের বেশি এবং ৪ বছরের কম</td><td></td><td>২</td></tr>
<tr><td>১ বছর বা ১ বছরের বেশি এবং ২ বছরের কম</td><td></td><td>১</td></tr>
</table>
</td></tr>
<tr><td>০৩.</td><td>সহকর্মীদের উপর প্রভাব এবং স্টেক হোল্ডারদের সাথে সহযোগিতা পূর্ণ মনোভাব</td><td>০৫</td><td>দক্ষ ব্যবস্থাপক হিসেবে সহকর্মীদের উপর যথেষ্ট নিয়ন্ত্রণ আছে ।প্রতিষ্ঠানের সকল সহকর্মীর মধ্যকার পারস্পরিক শ্রদ্ধার সম্পর্ক প্রতিষ্ঠায়তাঁর যথেষ্ট ভূমিকা আছে। সেবগ্রহীতা ও কর্তৃপক্ষের সাথে সহযোগিতার মনোভাব পোষণ করেন।</td></tr>
<tr><td>০৪.</td><td>চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা ও সুনাম</td><td>১০</td><td>সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার চারিত্রিক দৃঢ়তা, ব্যক্তিত্ব, সততা ও সুনাম সম্পর্কে সংশ্লিষ্ট উপজেলার প্রধান শিক্ষকগণের মূল্যায়নের ভিত্তিতে নম্বর প্রদান করতে হবে।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ০৫. | প্রশাসনিক দক্ষতা ও আর্থিক শৃঙ্খলা | ১২ | প্রতিষ্ঠানের রেকর্ডপত্রের যথাযথ সংরক্ষণ, সংশ্লিষ্ট দপ্তরসমুহের সাথে যোগাযোগের ক্ষেত্রে দক্ষতা, আর্থিক শৃঙ্খলা ইত্যাদি বিষয়ের ভিত্তিতে মূল্যায়ন করতে হবে। |
| ০৬. | পেশাগত/গবেষণামূলক সৃজনশীল প্রকাশনা | ১০ | আন্তর্জাতিক খ্যাতনামা জার্নালে একটি প্রকাশনা-১০, জাতীয় জার্নালে দুইটি প্রকাশনা -৫×২=১০, জাতীয় পত্রিকায় প্রতিটি সৃজনশীল প্রকাশনা-২ করে অনধিক -১০ |
| ০৭. | ICT বিষয়ে দক্ষতা | ০৮ | বিভিন্ন বিদ্যালয় এবং অধ:স্তন অফিস কার্যক্রম মনিটরিং এবং কম্পিউটার ব্যবহারে পারদর্শী। |
| ০৮. | গুণগত শিক্ষায় উদ্ভাবনী/ সৃজনশীল উদ্যোগ ও উত্তমচর্চার নিদর্শন | ০৭ | জেলার গুণগত শিক্ষায় উদ্ভাবনীমূলক উৎকর্ষ সাধন, রূপকল্প-২০৪১ ও এসডিজি-৪ কে সামনে রেখে লক্ষ্য নির্ধারণ ইত্যাদি বিষয় বিবেচনায় নিতে হবে- ৫। জেলা শিক্ষা অফিসে উত্তম চর্চার নিদর্শন মূল্যায়ন করতে হবে-২ |
| ০৯. | মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান | ০৫ | সনদ যাচাইপূর্বক নম্বর প্রদান করতে হবে। |
| ১০. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বিগত বছরের অর্জিত মান | ০৮ | বিগত দুই বছরে ২০২০-২০২১, ২০২১-২০২২ এর অর্জিত মানের গড় বিবেচনা করা হবে। ৮০ বা তদূর্ধ্ব হলে-৮ , ৭০ বা ৭০এর বেশি এবং ৮০ এর কম হলে -৬, ৬০ বা ৬০ এর বেশি এবং ৭০ এর কম হলে-৪ |
| ১১ | শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং করা এবং রিপোর্ট প্রেরণ | ০৮ | শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং করার সংখ্যা ১২ টি হলে-৪ এবং রিপোর্ট মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিপ্তরের ওয়েবসাইটে আপলোডের সংখ্যা ১২ টি হলে -৪ । শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং করার সংখ্যা এবং রিপোর্ট সংখ্যা কম হলে আনুপাতিক হারে নম্বর পাবেন। |
| ১২ | পুরস্কার | ০৪ | জাতীয় এবং আন্তর্জাতিক পুরস্কার প্রাপ্তির ক্ষেত্রে-৪ এবং স্থানীয় প্রশাসন থেকে পুরস্কার প্রাপ্তির ক্ষেত্রে -০২ |
| ১৩ | এমপিও কার্যক্রমে স্বচ্ছতা | ০৫ | এমপিও নীতিমালা শতভাগ মেনে এম.পিও কার্যক্রম পরিচালনা করার দক্ষতা |
| | মোট নম্বর | ১০০ | |

৬.১.১ প্রতিষ্ঠান প্রধান নিজ প্রতিষ্ঠানের শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক মূল্যায়ন করবেন। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে মূল্যায়নপত্রে পরিচালনা কমিটির সভাপতির প্রতিস্বাক্ষর থাকতে হবে। যাঁদের বিষয়ে কোন অভিযোগ তদন্তাধীন আছে অথবা অভিযুক্ত অথবা কোচিং বাণিজ্য বন্ধ নীতিমালা-২০১২ অনুসরণ করেন না তাঁদের শ্রেষ্ঠ শিক্ষক হিসেবে মনোনয়নের সুযোগ নেই।

৬.১.২ জাতীয় শিক্ষা সপ্তাহ ২০২৩ উদযাপন উপলক্ষে উপজেলা পর্যায়ে গঠিত কমিটি শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান নির্বাচন করবেন। কোন প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে অভিযোগ তদন্তাধীন থাকলে অথবা কোন অভিযোগে অভিযুক্ত হলে তাঁকে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধানের জন্য মনোনীত করা যাবেনা।

৬.১.৩ বাছাই কমিটির মাধ্যমে জেলা শিক্ষা কর্মকর্তা (সদস্য সচিব, জেলা কমিটি) ০১ (এক) জন করে শ্রেষ্ঠ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বাছাইয়ের ব্যবস্থা গ্রহণ করবেন। উপরোল্লিখিত নির্দেশনার আলোকে ছক পূরণ করে প্রয়োজনীয় তথ্যাদিসহ আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে প্রেরণ করবেন।

৬.১.৪ বাছাই কমিটির মাধ্যমে পরিচালক, সংশ্লিষ্ট অঞ্চল (সদস্য সচিব, আঞ্চলিক কমিটি), তাঁর অঞ্চলের আওতাধীন জেলাসমূহের জেলা শিক্ষা কর্মকর্তাগণের মধ্য থেকে ০১ (এক) জন শ্রেষ্ঠ জেলা শিক্ষা অফিসার বাছাই করবেন। উপরোল্লিখিত নির্দেশনার আলোকে ছক পূরণ করে প্রয়োজনীয় তথ্যাদিসহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা বরাবর প্রেরণ করবেন।

৬.১.৫ কোন জেলা শিক্ষা কর্মকর্তা/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ তদন্তাধীন থাকলে অথবা কোন অভিযোগে অভিযুক্ত হলে তাঁকে শ্রেষ্ঠ জেলা শিক্ষা কর্মকর্তা/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার জন্য মনোনীত করা যাবেনা।

৭.১. **প্রতিযোগিতার বিষয় এবং পুরস্কার সংখ্যা :**

**(ক) প্রতিষ্ঠান পর্যায়:**

প্রতিষ্ঠান পর্যায়ে উক্ত কার্যক্রমে অংশগ্রহণের জন্য সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান এবং বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান ও প্রতিষ্ঠানের পরিচালনা কমিটি প্রতিষ্ঠানের সকল শিক্ষার্থীর মধ্য থেকে একজন শ্রেষ্ঠ শিক্ষার্থী, সকল শিক্ষকের মধ্য থেকে একজন শ্রেষ্ঠ শিক্ষক নির্বাচন করবেন এবং ঐ শিক্ষকের জীবন বৃত্তান্ত নির্ধারিত তারিখের মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। তাছাড়া উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের জন্য প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য নির্ধারিত তারিখের মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে।

**(খ) উপজেলা পর্যায়:**

| ক্রমিক নং | প্রতিযোগিতার বিষয় | পুরস্কার সংখ্যা |
|---|---|---|
| ১. | শ্রেষ্ঠ শিক্ষার্থী<br>(বিদ্যালয়, মাদ্রাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ২. | শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক<br>(বিদ্যালয়, মাদ্রাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৩. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান<br>(বিদ্যালয়, মাদ্রাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৪. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান<br>(বিদ্যালয়, মাদ্রাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৫. | ৪.০ অনুচ্ছেদে বর্ণিত প্রতিযোগিতাসমূহ | ৬৪টি |
| ৬. | ৫.৩.৩ থেকে ৫.৩.১৭ অনুচ্ছেদে বর্ণিত বিশেষ অর্জনসমূহ | ১৫টি |

**(গ) জেলা পর্যায়:**

| ক্রমিক নং | প্রতিযোগিতার বিষয় | পুরস্কার সংখ্যা |
|---|---|---|
| ১. | শ্রেষ্ঠ শিক্ষার্থী<br>(বিদ্যালয়, মাদ্রাসা,কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ২. | শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক<br>(বিদ্যালয়, মাদ্রাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৩. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান<br>(বিদ্যালয়, মাদ্রাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৪. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান<br>(বিদ্যালয়, মাদরাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৫. | ৪.০ অনুচ্ছেদে বর্ণিত প্রতিযোগিতাসমূহ | ৬৪টি |
| ৬. | ৫.৩.৩ থেকে ৫.৩.১৭ অনুচ্ছেদে বর্ণিত বিশেষ অর্জনসমূহ | ১৫টি |
| ৭. | শ্রেষ্ঠ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | ০১ টি |

(ঘ) **বিভাগীয় পর্যায়:**

| ক্রমিক নং | প্রতিযোগিতার বিষয় | পুরস্কার সংখ্যা |
|---|---|---|
| ১. | শ্রেষ্ঠ শিক্ষার্থী<br>(বিদ্যালয়, মাদ্রাসা,কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ২. | শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক<br>(বিদ্যালয়, মাদ্রাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৩. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান<br>(বিদ্যালয়, মাদ্রাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৪. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান<br>(বিদ্যালয়, মাদ্রাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৫. | ৪.০ অনুচ্ছেদে বর্ণিত প্রতিযোগিতাসমূহ | ৬৪টি |
| ৬. | ৫.৩.৩ থেকে ৫.৩.১৭ অনুচ্ছেদে বর্ণিত বিশেষ অর্জনসমূহ | ১৫টি |

| | | |
|---|---|---|
| ৭. | শ্রেষ্ঠ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | ০১টি |
| ৮. | শ্রেষ্ঠ জেলা শিক্ষা কর্মকর্তা | ০১টি |

**(ঙ) ঢাকা মহানগরী:**

| ক্রমিক নং | প্রতিযোগিতার বিষয় | পুরস্কার সংখ্যা |
|---|---|---|
| ১. | শ্রেষ্ঠ শিক্ষার্থী<br>(বিদ্যালয়, মাদ্রাসা,কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ২. | শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক<br>(বিদ্যালয়, মাদ্রাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৩. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান<br>(বিদ্যালয়, মাদ্রাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৪. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান<br>(বিদ্যালয়, মাদ্রাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৫. | ৪.০ অনুচ্ছেদে বর্ণিত প্রতিযোগিতাসমূহ | ৬৪টি |
| ৬. | ৫.৩.৩ থেকে ৫.৩.১৭ অনুচ্ছেদে বর্ণিত বিশেষ অর্জনসমূহ | ১৫টি |
| ৭. | শ্রেষ্ঠ উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | ০১টি |

**(চ) জাতীয় পর্যায়:**

| ক্রমিক নং | প্রতিযোগিতার বিষয় | পুরস্কার সংখ্যা |
|---|---|---|
| ১. | শ্রেষ্ঠ শিক্ষার্থী<br>(বিদ্যালয়, মাদ্রাসা,কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ২. | শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক<br>(বিদ্যালয়, মাদ্রাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৩. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান<br>(বিদ্যালয়, মাদ্রাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৪. | শ্রেষ্ঠ প্রতিষ্ঠান<br>(বিদ্যালয়, মাদ্রাসা, কারিগরি প্রতিষ্ঠানসমূহ ও কলেজ) | ৪টি |
| ৫. | ৪.০ অনুচ্ছেদে বর্ণিত প্রতিযোগিতাসমূহ (৬৪×৩=১৯২) | ১৯২টি |
| ৬. | ৫.৩.৩ থেকে ৫.৩.১৭ অনুচ্ছেদে বর্ণিত বিশেষ অর্জনসমূহ | ১৫টি |
| ৭. | শ্রেষ্ঠ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | ০১টি |
| ৮. | শ্রেষ্ঠ জেলা শিক্ষা কর্মকর্তা | ০১টি |

৮.০ জাতীয় পর্যায়ে প্রতিটি ইভেন্টে ১ম স্থান অর্জনকারীদের দেশে/বিদেশে শিক্ষা সফরে প্রেরণ করা হবে (বৈশ্বিক পরিবেশ স্বাভাবিক থাকলে)।

৯.০ **কমিটিসমূহ:**

i. **জাতীয় কমিটি :**

১. মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়- প্রধান উপদেষ্টা
২. মাননীয় উপমন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় -উপদেষ্টা
৩. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ- সভাপতি
৪. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-সহ-সভাপতি
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ -সদস্য
৬. অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ –সদস্য
৭. অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ -সদস্য
৮. অতিরিক্ত সচিব (সরকারি মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ -সদস্য
৯. অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ -সদস্য

১০. অতিরিক্ত সচিব (বেসরকারি মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ -সদস্য
১১. অতিরিক্ত সচিব (মাদরাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ -সদস্য
১২. অতিরিক্ত সচিব (কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ –সদস্য
১৩. বিভাগীয় কমিশনার, ঢাকা- সদস্য
১৪. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-সদস্য
১৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-সদস্য
১৬. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ -সদস্য
১৭. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-সদস্য
১৮. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা-সদস্য
১৯. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা-সদস্য
২০. পরিচালক, (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা-সদস্য
২১. পরিচালক,(প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা-সদস্য
২২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা-**সদস্য সচিব**

**ii. জাতীয় পর্যায়ে পুরস্কার বিতরণ অনুষ্ঠান পরিচালনা উপকমিটি :**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ - আহবায়ক
২. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা - সদস্য
৩. অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ -সদস্য
৪. অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ –সদস্য
৫. যুগ্মসচিব (উন্নয়ন-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ- সদস্য
৬. পরিচালক (প্রশিক্ষণ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর- সদস্য
৭. উপসচিব (সমন্বয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-সদস্য
৮. উপসচিব (প্রশাসন ও সংস্থাপন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-সদস্য
৯. সহকারী সচিব (সেবা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-সদস্য
১০. উপপরিচালক (শারীরিক শিক্ষা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ,ঢাকা- সদস্য
১১. উপপরিচালক (একিউএইউ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ,ঢাকা-সদস্য
১২. উপপরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা-সদস্য
১৩. যুগ্মসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-সদস্য সচিব

**কর্মপরিধি :**

১. এ উপকমিটি জাতীয় শিক্ষা সপ্তাহ সফলভাবে সম্পাদনের লক্ষ্যে সকল উপকমিটির সাথে সমন্বয়সাধন করে অনুষ্ঠান পরিচালনার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে;
২. সময়ে সময়ে জাতীয় কমিটিকে অনুষ্ঠানের সকল আয়োজন বিষয়ে অবহিত করবে;
৩. এ উপকমিটি অনুষ্ঠান পরিচালনার একটি বাজেট প্রণয়ন করে তা তা বাজেট উপকমিটির নিকট দাখিল করবে; এবং
৪. প্রয়োজন অনুসারে আরও সদস্য কো-অপ্ট করতে পারবে।

**iii. বাজেট উপকমিটি:**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ –আহবায়ক
২. যুগ্ম সচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-সদস্য
৩. যুগ্ম সচিব (প্রশাসন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-সদস্য
৪. পরিচালক(প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ,ঢাকা -সদস্য
৫. পরিচালক (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ,ঢাকা -সদস্য
৬. পরিচালক (অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ,ঢাকা-সদস্য
৭. সহকারী সচিব (সেবা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-সদস্য
৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-সদস্য
৯. উপ সচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-সদস্য সচিব

**কর্মপরিধি:**

১. এ কমিটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে প্রাপ্ত ব্যয় বিভাজন পরীক্ষা-নিরীক্ষা করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করবে।
২. অর্থ অনুমোদনের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের সাথে প্রয়োজনীয় যোগাযোগ রক্ষা করবে।

৩. অনুমোদিত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করবে এবং সকল ব্যয়ে সরকারের বিধিবিধান অনুসরণ করা হচ্ছে কি-না, তা দেখাশুনা করবে।

৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা থেকে যথাসময়ে সমস্ত ব্যয়ের সমন্বিত হিসাব সংগ্রহ করবে।

৫. প্রয়োজন অনুসারে আরও সদস্য কো-অপ্ট করতে পারবে।

**iv. ঢাকা মহানগর কমিটি :**

১. বিভাগীয় কমিশনার- আহবায়ক
২. আঞ্চলিক পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল-সদস্য
৩. অধ্যক্ষ, সরকারি বাংলা কলেজ- সদস্য
৪. অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট-সদস্য
৫. অধ্যক্ষ, সরকারি আলীয়া মাদ্রাসা, ঢাকা-সদস্য
৬. অধ্যক্ষ, সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, ঢাকা- সদস্য
৭. অধ্যক্ষ, আজিমপুর গভ:গার্লস স্কুল অ্যান্ড কলেজ, আজিমপুর, ঢাকা-সদস্য
৮. অধ্যক্ষ, ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ, মোহাম্মদপুর, ঢাকা -সদস্য
৯. উপপরিচালক (কলেজ) সংশ্লিষ্ট অঞ্চল,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা- সদস্য
১০. উপপরিচালক (মাধ্যমিক) সংশ্লিষ্ট অঞ্চল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা - সদস্য
১১. প্রধান শিক্ষক, গভ: ল্যাবরেটরি হাই স্কুল, ধানমন্ডি, ঢাকা- সদস্য
১২. প্রধান শিক্ষক, মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মতিঝিল, ঢাকা-সদস্য
১৩. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল,- **সদস্য সচিব**

**কর্মপরিধি :**

১. এ উপকমিটি জাতীয় শিক্ষা সপ্তাহ ঢাকা মহানগর পর্যায়ে সফলভাবে সম্পাদনের লক্ষ্যে অনুষ্ঠান পরিচালনার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে;
২. বিজয়ী প্রতিযোগীদের তালিকা প্রেরণের ব্যবস্থা করবে;
৩. পুরস্কার বিতরণ কার্যক্রমে বিভিন্ন ক্ষেত্রে (বরেণ্য মুক্তিযোদ্ধা, শিক্ষাবিদ, সাহিত্যিক, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ক্রীড়াবিদ) বরেণ্য ব্যক্তিবর্গকে সম্পৃক্ত করে পুরস্কার বিতরণ আয়োজন করা।
৪. সময়ে সময়ে জাতীয় কমিটিকে অনুষ্ঠানের সফল আয়োজন বিষয়ে অবহিত করবে;

**v. আঞ্চলিক কমিটি :**

১. বিভাগীয় কমিশনার- আহবায়ক
২. আঞ্চলিক পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, সংশ্লিষ্ট অঞ্চল-- সদস্য
৩. সংশ্লিষ্ট অঞ্চলের পাবলিক পরীক্ষায় সেরা সরকারি কলেজের অধ্যক্ষ অথবা তাঁর ( সহকারী অধ্যাপক পদমর্যাদার নিচে নয়) প্রতিনিধি- সদস্য
৪. সংশ্লিষ্ট অঞ্চলের পাবলিক পরীক্ষায় সেরা পলিটেকনিক প্রতিষ্ঠানের অধ্যক্ষ- সদস্য
৫. সংশ্লিষ্ট অঞ্চলের পাবলিক পরীক্ষায় সেরা বেসরকারি কলেজের অধ্যক্ষ অথবা তাঁর ( সহকারী অধ্যাপক পদমর্যাদার নিচে নয়) প্রতিনিধি- সদস্য
৬. সংশ্লিষ্ট অঞ্চলের পাবলিক পরীক্ষায় সেরা কামিল মাদ্রাসার অধ্যক্ষ - সদস্য
৭. সংশ্লিষ্ট অঞ্চলের পাবলিক পরীক্ষায় সেরা সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক- সদস্য
৮. সংশ্লিষ্ট অঞ্চলের জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট জেলা)
৯. সংশ্লিষ্ট অঞ্চলের পাবলিক পরীক্ষায় সেরা বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক-সদস্য
১০. উপপরিচালক (মাধ্যমিক) সংশ্লিষ্ট অঞ্চল- সদস্য
১১. উপপরিচালক(কলেজ) সংশ্লিষ্ট অঞ্চল- সদস্য
১২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, সংশ্লিষ্ট অঞ্চল- সদস্য সচিব

**কর্মপরিধি :**

১. এ উপকমিটি জাতীয় শিক্ষা সপ্তাহ আঞ্চলিক পর্যায়ে সফলভাবে সম্পাদনের লক্ষ্যে অনুষ্ঠান পরিচালনার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে। কঠোরভাবে স্বাস্থ্যবিধি মেনে প্রতিযোগিতা আয়োজন করবে।
২. বিজয়ী প্রতিযোগীদের তালিকা প্রেরণের ব্যবস্থা করবে।
৩. পুরস্কার বিতরণ কার্যক্রমে বিভিন্ন ক্ষেত্রে বরেণ্য ব্যক্তিবর্গ (মুক্তিযোদ্ধা, শিক্ষাবিদ, সাহিত্যিক, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ক্রীড়াবিদ) সম্পৃক্ত করে পুরস্কার বিতরণ আয়োজন করা।

৪. সময়ে সময়ে জাতীয় কমিটিকে অনুষ্ঠানের সফল আয়োজন বিষয়ে অবহিত করবে।

### vi. জেলা কমিটি :

১. জেলা প্রশাসক- আহবায়ক
২. সংশ্লিষ্ট জেলার পাবলিক পরীক্ষায় সেরা সরকারি কলেজের অধ্যক্ষ অথবা তাঁর (সহকারী অধ্যাপক পদমর্যাদার নিচে নয়) প্রতিনিধি- সদস্য
৩. সংশ্লিষ্ট জেলার পাবলিক পরীক্ষায় সেরা পলিটেকনিক প্রতিষ্ঠানের অধ্যক্ষ - সদস্য
৪. সংশ্লিষ্ট জেলার পাবলিক পরীক্ষায় সেরা বেসরকারি কলেজের অধ্যক্ষ অথবা তাঁর (সহকারী অধ্যাপক পদমর্যাদার নিচে নয়) প্রতিনিধি- সদস্য
৫. সংশ্লিষ্ট জেলার পাবলিক পরীক্ষায় সেরা কামিল মাদ্রাসার অধ্যক্ষ - সদস্য
৬. সংশ্লিষ্ট জেলার পাবলিক পরীক্ষায় সেরা সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক- সদস্য
৭. সংশ্লিষ্ট জেলার পাবলিক পরীক্ষায় সেরা বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক-সদস্য
৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট সকল উপজেলা-সদস্য
৯. জেলা শিক্ষা কর্মকর্তা- **সদস্য সচিব**

**কর্মপরিধি :**

১. এ উপকমিটি জাতীয় শিক্ষা সপ্তাহ জেলা পর্যায়ে সফলভাবে সম্পাদনের লক্ষ্যে অনুষ্ঠান পরিচালনার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে। কঠোরভাবে স্বাস্থ্যবিধি মেনে প্রতিযোগিতা আয়োজন করবে।
২. বিজয়ী প্রতিযোগীদের তালিকা প্রেরণের ব্যবস্থা করবে।
৩. পুরস্কার বিতরণ কার্যক্রমে বিভিন্ন ক্ষেত্রে (বরেণ্য মুক্তিযোদ্ধা, শিক্ষাবিদ, সাহিত্যিক, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ক্রীড়াবিদ) বরেণ্য ব্যক্তিবর্গকে সম্পৃক্ত করে পুরস্কার বিতরণ আয়োজন করা।
৪. সময়ে সময়ে জাতীয় কমিটিকে অনুষ্ঠানের সফল আয়োজন বিষয়ে অবহিত করবে।

### vii. উপজেলা কমিটি :

১. উপজেলা নির্বাহী অফিসার- আহবায়ক
২. সংশ্লিষ্ট উপজেলার পাবলিক পরীক্ষায় সেরা সরকারি কলেজের অধ্যক্ষ অথবা তাঁর প্রতিনিধি- সদস্য
৩. সংশ্লিষ্ট উপজেলার পাবলিক পরীক্ষায় সেরা সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ - সদস্য
৪. সংশ্লিষ্ট উপজেলার পাবলিক পরীক্ষায় সেরা বেসরকারি কলেজের অধ্যক্ষ অথবা তাঁর প্রতিনিধি- সদস্য
৫. সংশ্লিষ্ট উপজেলার পাবলিক পরীক্ষায় সেরা ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ – সদস্য
৬. সংশ্লিষ্ট উপজেলার পাবলিক পরীক্ষায় সেরা সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক- সদস্য
৭. সংশ্লিষ্ট উপজেলার পাবলিক পরীক্ষায় সেরা বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক--সদস্য
৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা- সদস্য সচিব

**কর্মপরিধি :**

১. এ উপকমিটি জাতীয় শিক্ষা সপ্তাহ উপজেলা পর্যায়ে সফলভাবে সম্পাদনের লক্ষ্যে অনুষ্ঠান পরিচালনার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে। কঠোরভাবে স্বাস্থ্যবিধি মেনে প্রতিযোগিতা আয়োজন করবে।
২. বিজয়ী প্রতিযোগীদের তালিকা প্রেরণের ব্যবস্থা করবে।
৩. সময়ে সময়ে জাতীয় কমিটিকে অনুষ্ঠানের সফল আয়োজন বিষয়ে অবহিত করবে।

### viii. মহানগর (ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা) থানা শিক্ষা কমিটি:

১. আঞ্চলিক উপপরিচালক(মাধ্যমিক) - আহবায়ক
২. মহানগরের থানাসমূহের মধ্যে পাবলিক পরীক্ষায় সেরা সরকারি কলেজের অধ্যক্ষ অথবা তাঁর প্রতিনিধি- সদস্য
৩. মহানগরের থানাসমূহের মধ্যে পাবলিক পরীক্ষায় সেরা বেসরকারি কলেজের অধ্যক্ষ অথবা তাঁর প্রতিনিধি- সদস্য
৪. মহানগরের থানাসমূহের মধ্যে পাবলিক পরীক্ষায় সেরা কারিগরি প্রতিষ্ঠানের অধ্যক্ষ অথবা তাঁর প্রতিনিধি- সদস্য
৫. মহানগরের থানাসমূহের মধ্যে পাবলিক পরীক্ষায় সেরা সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক- (সরকারি মাধ্যমিক বিদ্যালয় না থাকলে মডেল স্কুল)- সদস্য
৬. মহানগরের থানাসমূহের মধ্যে পাবলিক পরীক্ষায় সেরা বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক -সদস্য
৭. থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা- সদস্য সচিব

**কর্মপরিধি :**

**কর্মপরিধি :**

১. এ উপকমিটি জাতীয় শিক্ষা সপ্তাহ ০৪টি মহানগর পর্যায়ে সফলভাবে সম্পাদনের লক্ষ্যে অনুষ্ঠান পরিচালনার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে। কঠোরভাবে স্বাস্থ্যবিধি মেনে প্রতিযোগিতা আয়োজন করবে।

২. বিজয়ী প্রতিযোগীদের তালিকা প্রেরণের ব্যবস্থা করবে,

৩. পুরস্কার বিতরণ কার্যক্রমে বিভিন্ন ক্ষেত্রে (বরেণ্য মুক্তিযোদ্ধা, শিক্ষাবিদ, সাহিত্যিক, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, ক্রীড়াবিদ) বরেণ্য ব্যক্তিবর্গকে সম্পৃক্ত করে পুরস্কার বিতরণ আয়োজন করা।

৪. সময়ে সময়ে জাতীয় কমিটিকে অনুষ্ঠানের সফল আয়োজন বিষয়ে অবহিত করবে।

**ix. প্রচার ও প্রকাশনা কমিটি:**

১) অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়- আহবায়ক

২) উপসচিব (সরকারি কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় - সদস্য

৩) উপসচিব (সরকারি মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় - সদস্য

৪) জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়-সদস্য

৫) সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সেবা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ- সদস্য

৬) সহকারী পরিচালক (প্রশিক্ষণ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর - সদস্য

৭) উপপরিচালক (গবেষণা ও তথ্যায়ন), জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি, ধানমন্ডি, ঢাকা- **সদস্য সচিব**

**কর্মপরিধি :**

১. এ উপকমিটি জাতীয় শিক্ষা সপ্তাহ সফলভাবে সম্পাদনের লক্ষ্যে প্রচারণার যাবতীয় ব্যবস্থা গ্রহণ করবে।

২. জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে স্মরণিকা প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবে।

৩. সময়ে সময়ে জাতীয় কমিটিকে অনুষ্ঠানের সফল আয়োজন সম্পর্কে অবহিত করবে।

১০.০ **অগ্রিম উত্তোলন:** উপজেলা/মহানগর থানা কমিটি, ঢাকা মহানগর কমিটি, জেলা কমিটি, বিভাগীয় কমিটি, জাতীয় পর্যায়ে পুরস্কার বিতরণ অনুষ্ঠান পরিচালনা উপকমিটি এবং জাতীয় কমিটির সদস্য সচিব আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। কর্মসূচি পরিচালনার জন্য বর্ণিত কমিটির সদস্য সচিব প্রয়োজনীয় অর্থ বাজেট বিভাজন অনুযায়ী খাতওয়ারী অগ্রিম উত্তোলন করতে পারবেন এবং অগ্রিম উত্তোলিত অর্থ বিল/ভাউচারের মাধ্যমে সমন্বয়পূর্বক অব্যয়িত অর্থ চলতি অর্থবছরের মধ্যেই সরকারি কোষাগারে জমা দিতে হবে। এই অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম বা অডিট আপত্তি হলে ব্যয় নির্বাহকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন। ব্যয় নির্বাহকারী কর্তৃপক্ষকে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসের প্রত্যয়নপত্রসহ একসেট সমন্বয় প্রতিবেদন মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে।

১১.০ প্রয়োজনবোধে শিক্ষা মন্ত্রণালয় এ নীতিমালা সংশোধন/পরিমার্জনের ক্ষমতা সংরক্ষণ করে।

স্বাক্ষরিত ০৫/০৪/২৩
**(সোলেমান খান)**
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**স্মারক নং-৩৭.০০.০০০০.০৬২.০০৪.০০৭.২১-৪৭**

**তারিখঃ ২১ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ / ০৪ এপ্রিল ২০২৩ খ্রিস্টাব্দ**

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২। অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

৩। অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার, ঢাকা।

৫। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা।

৬। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৯। যুগ্মসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০। জেলা প্রশাসন (সকল)
১১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
১২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
১৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
১৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
১৬। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
২০। জেলা শিক্ষা অফিসার (সকল)
২১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

০৪/০৪/2026

**(মো: মনিরুল ইসলাম মিলন)**
সহকারী সচিব (সেবা)
ফোন: ২২৩৩৮৪৫৮২